



স্মারক নং-৩৭.০২.০০০০.১০৫.৩১.১৩১.১৮-২০৪৩/৭

তারিখঃ ২৬/০৩/১৪২৬ বঙ্গাব্দ
০২/০৭/২০১৯ খ্রিস্টাব্দ

বিষয় : নওগাঁ জেলার আত্রাই উপজেলাধীন পাইকড়া বড়াইকুড়ি কলেজের জনাব মোঃ সাজেদুল ইসলাম, প্রভাষক, পৌরনীতি ও সুশাসন, (ইনডেক্স নম্বর-৩০০৬৪৮৩) এর সহকারী অধ্যাপকের স্কেল মঞ্জুর প্রদান।


উপর্যুক্ত বিষয়ের পরিপ্রেক্ষিতে জানানো যাচ্ছে যে, নওগাঁ জেলার আত্রাই উপজেলাধীন পাইকড়া বড়াইকুড়ি কলেজের প্রভাষক, পৌরনীতি ও সুশাসন, জনাব মোঃ সাজেদুল ইসলামকে জ্যেষ্ঠতা লঙ্ঘন করে সহকারী অধ্যাপক স্কেল প্রদানের বিষয়ে একই প্রতিষ্ঠানের সমাজবিজ্ঞান বিষয়ের প্রভাষক জনাব মোঃ আকরাম আলী মুধা অত্র অধিদপ্তরে অভিযোগ দাখিল করেন।

জনাব মোঃ সাজেদুল ইসলাম (ইনডেক্স নম্বর-৩০০৬৪৮৩)-কে সহকারী অধ্যাপক পদে পদোন্নতি ও স্কেল প্রদানের বিষয়ে কি পদক্ষেপ গ্রহণ করা হয়েছে এ বিষয়ে মতামত প্রদানের জন্য ১৪/০২/১৯ তারিখের নং-৫১৭/৬ স্মারকপত্রে উপপরিচালক, রাজশাহী অঞ্চল বরাবর পত্র প্রেরণ করা হয়েছে। অপরদিকে, জ্যেষ্ঠতা লঙ্ঘন করে জনাব মোঃ সাজেদুল ইসলামকে সহকারী অধ্যাপক স্কেল প্রদানের বিষয়ে জনাব মোঃ আকরাম আলী মুধা আত্রাই সহকারী জজ আদালত, নওগাঁয় মামলা নং-১৩/২০১৯ দায়ের করেন। নোটাংশ ৫৯ সিদ্ধান্ত অনুযায়ী নথিটি আইন শাখায় প্রেরণ করা হয়।

আইন শাখার মতামতঃ নওগাঁ জেলার পাইকড়া বড়াইকুড়ি কলেজের সহকারী অধ্যাপকের দাবী করে জনাব মোঃ আকরাম আলী মুধা, প্রভাষক (সমাজবিজ্ঞান) দে: মোকদ্দমা নং-১৩/২০১৯ দায়ের করেন। উক্ত দে: মোকদ্দমা বিচারাধীন রয়েছে। উল্লেখ্য মোঃ সাজেদুল ইসলামকে ১২নং বিবাদী করা হয়েছে। যেহেতু মামলা বিচারাধীন রয়েছে সুতরাং সহকারী অধ্যাপকের বিষয়টি মামলা নিষ্পত্তির পর সিদ্ধান্ত গ্রহণ করা যেতে পারে।

এমতাবস্থায়, আইন শাখার মতামতের প্রেক্ষিতে দে: মোকদ্দমা নং-১৩/২০১৯ মাননীয় আদালতে বিচারাধীন থাকায় জনাব মোঃ সাজেদুল ইসলাম (ইনডেক্স নম্বর-৩০০৬৪৮৩) উক্ত মামলার ১২নং বিবাদী হওয়ায় মামলা নিষ্পত্তি না হওয়া পর্যন্ত সহকারী অধ্যাপকের স্কেল মঞ্জুর করা সম্ভব নয়।

বিষয়টি যথাযথ কর্তৃপক্ষের অনুমোদনক্রমে অবহিত করা হলো।


(মোঃ এনামুল হক হাওলাদার)
উপ পরিচালক (ক-২)
ফোনঃ ৯৫৫৭৬৯১
Email-ncollege@dshe.gov.bd

অধ্যক্ষ
পাইকড়া বড়াইকুড়ি কলেজ
আত্রাই, নওগাঁ।

অনুলিপি: সদয় অবগতি ও কার্যার্থে (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়)

১. সভাপতি, পরিচালনা পরিষদ, পাইকড়া বড়াইকুড়ি কলেজ, আত্রাই, নওগাঁ।
২. জেলা শিক্ষা অফিসার, নওগাঁ।
৩. অধ্যক্ষ, পাইকড়া বড়াইকুড়ি কলেজ, আত্রাই, নওগাঁ।
৪. উপজেলা মাধ্যমিক শিক্ষা অফিসার, আত্রাই, নওগাঁ।
৫. আইন কর্মকর্তা, মাধ্যমিক ও উচ্চ শিক্ষা অধিদপ্তর, বাংলাদেশ, ঢাকা।
৬. জনাব মোঃ সাজেদুল ইসলাম, প্রভাষক, পৌরনীতি ও সুশাসন, পাইকড়া বড়াইকুড়ি কলেজ, আত্রাই, নওগাঁ।
৭. সংরক্ষণ নথি।